

Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 15 May, 2025

জামালপুরের বকশীগঞ্জ অটো রিকশায় চার্জ দেওয়ার সময় বিদ্যুৎ স্পষ্ট হয়ে হামিদুর রহমান (৩০) নামে এক যুবকের মৃত্যু হয়েছে।

বুধবার (১৪ মে) রাত ১০ টার দিকে উপজেলার নিলাখিয়া ইউনিয়নের পাগলা পাড়া গ্রামে এঘটনা ঘটে।

স্থানীয় সূত্র জানায়, ওই রাতে নিজের অটো রিকশার চার্জের জন্য নিজ ঘরে বিদ্যুৎ সংযোগ দিতে যায় হামিদুর রহমান। সংযোগ দেওয়ার সময়

এক পর্যায়ে বিদ্যুৎস্পষ্ট হয়ে পড়েন তিনি।

এসময় বাড়ির লোকজন দ্রুত উদ্ধার করে উপজেলা নেওয়ার পথে হামিদুর রহমান মারা যান।

বকশীগঞ্জ থানার ওসি খন্দকার শাকের আহমেদ জানান, অটো চালকের মৃত্যুর বিষয়ে সত্যতা স্বীকার করে বলেন, এ ঘটনায় আইনগত প্রক্রিয়া চলমান রয়েছে।

বিদ্যুৎ স্পষ্ট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:04

URL: <https://www.timestodaybd.com/public/mymensingh/2514753783>